

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১২৩.২০১৬-

৬০

১০.১৪২৩ বঙ্গাব্দ

তারিখঃ

০২.২০১৭ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন


যেহেতু, ডাঃ মোঃ মহসীন মোল্লা (৩৯৩৭৮), ক্লিনিক্যাল প্যাথলজিস্ট, সরকারি হোমিওপ্যাথিক ডিগ্রি কলেজ, ঢাকাকে যুক্তরাজ্যে ডিপ্লোমা ইন ইউরোলজিতে উচ্চশিক্ষা গ্রহণের নিমিত্ত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২৯.০৭.২০০২ তারিখের ৩৪৯নং স্মারকে ০১.১০.২০০২খ্রিঃ তারিখ হতে ০১ বছরের জন্য অর্ধ গড় বেতনে শিক্ষাছুটি মঞ্জুর করা হয় এবং পরবর্তীতে তার ছুটি ০১.১০.২০০৪ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়;

যেহেতু, তিনি মঞ্জুরীকৃত শিক্ষাছুটি ভোগ শেষে কর্মস্থলে যোগদান না করে গত ০২.১০.২০০৪খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, গত ০১.১০.২০০৯খ্রিঃ তারিখে তাঁর সরকারি চাকুরীতে অনুপস্থিতিকাল (অনুমোদিত এবং অনুমোদনবিহীন ছুটিসহ) ধারাবাহিকভাবে ০৫(পাঁচ) বছরের অধিক সময় অতিক্রান্ত হয়েছে;

সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে এবং এই অবসান ডাঃ মোঃ মহসীন মোল্লা (৩৯৩৭৮), ক্লিনিক্যাল প্যাথলজিস্ট, সরকারি হোমিওপ্যাথিক ডিগ্রি কলেজ, ঢাকা এর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫(পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ০২.১০.২০০৯খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

জনস্বার্থে এই প্রজ্ঞাপন জারি করা হল।


সিঃ সিরাজুল ইসলাম
সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা


নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১২৩.২০১৬-

৬০/১ (H)

তারিখঃ ০২.২০১৭খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি অভিযুক্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কম্পিউটারে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হল)।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেনগুনবাগিচা, ঢাকা।
- ৪। উপপরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৬। সহকারী সচিব (পার-৫), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। ডাঃ মোঃ মহসীন মোল্লা (৩৯৩৭৮), ক্লিনিক্যাল প্যাথলজিস্ট, সরকারি হোমিওপ্যাথিক ডিগ্রি কলেজ, ঢাকা (স্থায়ী ঠিকানাঃ- ১৫নং মুন্সিপাড়া, দ্বিতীয় গলি, খুলনা)।


আসমা তাসকিন
উপ-সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা
www.mohfw.gov.bd


নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০১২.২০১৭- ৮৬

তারিখঃ ১৯.০২.২০১৭খ্রিঃ

বিষয়ঃ ব্যক্তিগত শুনানি।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে ডাঃ মোঃ রেজওয়ান আলম (১৩০২৬২), সহকারী সার্জন, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, সংযুক্ত-উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, রায়গঞ্জ, সিরাজগঞ্জ এর বিরুদ্ধে বুজুকৃত বিভাগীয় মামলার বিষয়ে ব্যক্তিগত শুনানী আগামী ২৮.০২.২০১৭ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মহোদয় কর্তৃক তীর অফিস (কক্ষ নং-৩১১, ভবন-৩, ৪র্থ তলা) কক্ষে গ্রহণ করা হবে।

২। নির্ধারিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট কাগজপত্রসহ শুনানিতে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd


ডাঃ মোঃ রেজওয়ান আলম (১৩০২৬২)
সহকারী সার্জন, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
সংযুক্ত-উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
(স্থায়ী ঠিকানাঃ- গ্রাম-চর রায়পুর, ডাকঘর+থানা+জেলা-সিরাজগঞ্জ)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০১২.২০১৭- ৮৬/১(৭)

তারিখঃ ১৯.০২.২০১৭খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নির্ধারিত তারিখে একজন প্রতিনিধিকে সংশ্লিষ্ট নথিপত্রসহ শুনানিতে উপস্থিত থাকার জন্য এবং নোটিশটি যথাযথভাবে জারি করার জন্য অনুরোধ করা হলো)।
- ২। যুগ্মসচিব (নিরাপত্তা-২ অধিশাখা), স্মার্ট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপপরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তৌকে অভিযুক্তের বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরের নথিতে রক্ষিত সকল কাগজপত্রের অনুলিপি ২৬.০২.২০১৬ তারিখের মধ্যে শুংখলা-১ শাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হল)।
- ৪। ডাঃ মেহের পারভীন, সহকারী পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৬। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। অতিরিক্ত সচিব (শুংখলা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


(আসমা তাসকিন)
উপসচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০১৩.২০১৭- ৮৪

তারিখঃ ১৬.০২.২০১৭ খ্রিঃ

বিষয়ঃ ডাঃ গোবিন্দ চন্দ্র সাহা (৩৩৩২৯), সহযোগী অধ্যাপক, ফিজিওলজি, শেরেবাংলা মেডিকেল কলেজ, বরিশাল এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ গোবিন্দ চন্দ্র সাহা (৩৩৩২৯), সহযোগী অধ্যাপক (ফিজিওলজি), শেরেবাংলা মেডিকেল কলেজ, বরিশাল বর্তমান কর্মস্থলে ০৯.১২.২০১৩খ্রিঃ তারিখে যোগদানের পর হতে প্রায়শই বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকেন এবং আপনি ছাত্র-ছাত্রীদের পরীক্ষায় পাশ করিয়ে দেয়ার আশ্বাস দিয়ে ছাত্র-ছাত্রীদের নিকট উৎকোচ গ্রহণ করেন মর্মে অভিযোগ উত্থাপিত হয়েছে;

যেহেতু, বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি এবং অনৈতিক কর্মকান্ড পরিহার করে সংশোধন হওয়ার জন্য আপনাকে মৌখিকভাবে বলা হলেও আপনি কর্মস্থলে নিয়মিত হচ্ছেন না এবং অনৈতিক কর্মকান্ড হতে বিরত থাকছেন না।

যেহেতু, আপনার উপরোল্লিখিত কার্যকলাপ শৃংখলা পরিপন্থী এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত কোন দণ্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিষয়ে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

৩০/১/১৭
(মেঃ সিরাজুল ইসলাম)
সচিব

ডাঃ গোবিন্দ চন্দ্র সাহা (৩৩৩২৯)
সহযোগী অধ্যাপক (ফিজিওলজি)
শেরেবাংলা মেডিকেল কলেজ, বরিশাল।
(স্থায়ী ঠিকানাঃ- পিতা-নিশি কান্ত সাহা, উপশহর, বি-৩৪৭, সেক্টর-১, নড়াইল)।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০১৩.২০১৭- ৮৪/৩ (৩)

তারিখঃ ১৬.০২.২০১৭খ্রিঃ

বিতরণঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস ডাটাশীটে সংরক্ষণ করার জন্য)।
- ৩। অধ্যক্ষ, শেরেবাংলা মেডিকেল কলেজ, বরিশাল।
- ৪। উপপরিচালক (শৃংখলা) (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ৫। উপসচিব (পার-১ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

২৬/০২/২০১৭
(আসমা তাসকিন)
উপ-সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd


অভিযোগ বিবরণী

আপনি ডাঃ গোবিন্দ চন্দ্র সাহা (৩৩৩২৯), সহযোগী অধ্যাপক (ফিজিওলজি), শেরেবাংলা মেডিকেল কলেজ, বরিশাল বর্তমান কর্মস্থলে ০৯.১২.২০১৩খ্রিঃ তারিখে যোগদানের পর হতে প্রায়শই বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকেন এবং আপনি ছাত্র-ছাত্রীদের পরীক্ষায় পাশ করিয়ে দেয়ার আশ্বাস দিয়ে ছাত্র-ছাত্রীদের নিকট উৎকোচ গ্রহণ করেন মর্মে অভিযোগ উত্থাপিত হয়েছে;

বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি এবং অনৈতিক কর্মকান্ড পরিহার করে সংশোধন হওয়ার জন্য আপনাকে মৌখিকভাবে বলা হলেও আপনি কর্মস্থলে নিয়মিত হচ্ছেন না এবং অনৈতিক কর্মকান্ড হতে বিরত থাকছেন না;

আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য।

আপনি আপনার উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।


(মোঃ সিরাজুল ইসলাম)
সচিব